Model Question : Class XII : Bengali : 80 Marks : 2020-21

বিভাগ-ক **প্রতিটি প্রশ্নের মান** **1x20**

প্রতিটি প্রশ্নের উত্তর একটি পূর্ণাঙ্গ বাক্যে দাও ঃ

১) 'সবুজের অভিমান' কবিতায় কাদের আধমরা বলা হয়েছে?

২) "————তুই যে চিরজীবী", — কারা চিরজীবী ?

৩) "যুগের ধর্ম এই" — যুগের ধর্ম কী?

৪) "নর যদি রাখে নারীরে বন্দি"— তবে কী হবে?

৫) "আজকে আমার প্রশ্ন" — কবি কী প্রশ্ন রেখেছেন?

৬) " আজ শুধু অঙ্কুরিত" — আগামীতে সে কী হবে?

৭) "ইহার দ্বার অসংখ্য" — কার দ্বার অসংখ্য?

৮) "ভারতবর্ষ সেই দিকে সর্বদা লক্ষ রাখিয়াছে"। — কোন্ দিকের কথা বলা হয়েছে?

৯) কে অন্নদা দিদির জন্য পাঁচ টাকা এনেছিল?

১০) "অন্নদা দিদি' পাঠ্যাংশটি কোন্ মূল গ্রন্থের অন্তর্গত?

১১) 'যুগ জিজ্ঞাসা' প্রবন্ধের লেখক কে?

১২) 'এ যুগ নিষ্ফলা, বন্ধ্যা"। — কারা একথা বলবে?

১৩) 'অযান্ত্রিক' ছোটোগল্পটির রচয়িতা কে?

১৪) ফোর্ড গাড়িটি বিমল কত বছর ধরে চালাচ্ছে?

১৫) 'লোকটাও একটা যন্ত্র।'— কারা একথা বলত?

১৬) ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠার কারণ কী?

১৭) কাকে 'বাংলা গদ্য সাহিত্যের জনক' বলা হয়?

১৮) 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থটি কার রচিত?

১৯) বিজন ভট্টাচার্য্যের শ্রেষ্ঠ নাটকটির নাম কি ?

২০) ত্রিপুরার কাহিনি নিয়ে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসটির নাম কী?

বিভাগ-খ **প্রতিটি প্রশ্নের মান 3** **3x7**

২১) 'আধ মরাদের ঘা মেরে তুই বাঁচা।' — কবির এই আহ্বানের কারণ কী?

২২) 'অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।'— কথাটির অর্থ ব্যাখ্যা করো।

২৩) 'তুই বড় অপয়া।' — বক্তার এরূপ উক্তির কারণ কী?

২৪) 'তারা নিত্যকালের রাখাল' — তাদের রাখাল বলা হয়েছে কেন?

২৫) 'স্বরভক্তি' উদাহরণসহ আলোচনা কর।

২৬) 'স্বরসঙ্গতি' বলতে কী বোঝায় দৃষ্টান্তসহ আলোচনা কর।

২৭) ধ্বনিতত্ত্বের 'বর্ণবিপর্যয়' বিষটি উদাহরণসহ বুঝিয়ে দাও।

বিভাগ-গ **প্রতিটি প্রশ্নের মান 5** **5x3**

নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর ১২০ শব্দের মধ্যে দাও ঃ

২৮) 'যুদ্ধ কেন' কবিতায় কবি যে মনোভাব ব্যক্ত করেছেন, তা আলোচনা কর।

অথবা

'ক্ষুদ্র আমি তুচ্ছ নই—জানি আমি ভাবী বনস্পতি।"

ক) উদ্ধৃত অংশটির কবি এবং কবিতার নাম কী?

খ) পংক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। 2+3

২৯) 'কবিতা ও বিজ্ঞান' প্রবন্ধের লেখকের অনুসরণে কবি ও বিজ্ঞানীর সাধন পথের একটি তুলনামূলক আলোচনা করো।

অথবা

'দিদি চুপ করিয়া রহিলেন-— একটি অভিযোগেরও প্রতিবাদ করিলেন না।"

ক) দিদির বিরুদ্ধে কী কী অভিযোগ ছিল?

খ) দিদি সে অভিযোগের প্রতিবাদ করলেন না কেন? 2+3

৩০) জগদ্দলের সমাধি খননের ঘটনাটি প্রসঙ্গসহ বর্ণনা করো।

অথবা

'ভারী তেষ্টা পেয়েছে, না রে জগদ্দল? তাই হাঁসফাঁস কচ্ছিস? দাঁড়া বাবা দাঁড়া।'

ক) বক্তা কখন একথা বলেছে ?

খ) উক্তিটির মধ্য দিয়ে বক্তার মানবিক আবেদনের দিকটি পরিস্ফুট করো। 2+3

বিভাগ-ঘ **প্রতিটি প্রশ্নের মান 6** **6x2**

নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর ১৫০ শব্দের মধ্যে দাও

৩১) বাংলা মহাকাব্য রচনায় কবি মধুসূদন দত্তের অবদান সংক্ষেপে আলোচনা কর।

অথবা

বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্বের সংক্ষিপ্ত আলোচনা কর।

৩২) উদাহরণসহ স্বরবৃত্ত বা দলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর।

অথবা

ছন্দোলিপি করো ঃ

কৃষকের শিশু কিংবা রাজার কুমার
সবারি রয়েছে কাজ এ বিশ্ব মাঝার।

বিভাগ-ঙ **প্রশ্নটির মান 12**

৩৩) নিম্নলিখিত যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ৪০০ শব্দের মধ্যে ঃ

ক) কুসংস্কার দূরীকরণে ছাত্রসমাজের ভূমিকা

খ) জীবন গঠনে মূল্যবোধ শিক্ষার গুরুত্ব

গ) ত্রিপুরার প্রাকৃতিক সম্পদ ও তার ব্যবহার

ঙ) কোভিড-১৯ মহামারী।